# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ অষ্টম অধ্যায় - অযৌক্তিকতা ও অশালীনতা

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৮. ২. ১৬. বেহেশতের মধ্যে শয়তান-ফেরেশতা মহাযুদ্ধ

পবিত্র বাইবেলের বর্ণনায় যীশু খ্রিষ্টের জন্মের পর বেহেশতের মধ্যে ফেরেশতাদের সাথে শয়তান বাহিনীর যুদ্ধ হয় এবং শয়তান বাহিনী হেরে যাওয়ার কারণে তাদেরকে বেহেশত থেকে তাড়িয়ে দেওয়া হয়। এর পূর্ব পর্যন্ত শয়তান ও তার বাহিনী বেহেশতের মধ্যেই বসবাস করত বলে জানা যায়।

“পরে আসমানে (in heaven, কেরি: স্বর্গমধ্যে কি. মো.-১৩: বেহেশতে) একটা মহান চিহ্ন দেখা গেল। একজন স্ত্রীলোক... সে গর্ভবতী ছিল এবং প্রসব-বেদনায় চিৎকার করছিল। তারপর আসমানে (in heaven স্বর্গমধ্যে/ বেহেশতে) আর একটা চিহ্ন দেখা গেল। আগুনের মত লাল একটা বিরাট দানব (ড্রাগন: dragon, কেরি ও কি. মো.-১৩: নাগ) ... স্ত্রীলোকটির একটা ছেলে হল। সেই ছেলেই লোহার দ- দিয়ে সমস্ত জাতিকে শাসন করবেন। ... তারপর বেহেশতে যুদ্ধ হল। মিকাইল ও তাঁর অধীন ফেরেশতারা (his angels) সেই দানব ও তাঁর ফেরেশতাদের (his angels) কি. মো.: তাঁর দূতদের) সংগে যুদ্ধ করলেন। সেই দানব (ড্রাগন) জয়ী হতে পারল না এবং বেহেশতে তাদের আর থাকতে দেওয়া হল না। তখন সেই বিরাট দানবকে ও তাঁর সংগে তার দূতদের (তার ফেরেশতাদের) দুনিয়াতে ফেলে দেওয়া হল। এই দানব হল সেই পুরানো সাপ যাকে ইবলিস বা শয়তান বলা হয়।” (প্রকাশিত কালাম ১২/১-৯)

এ থেকে আমরা জানতে পারছি যে, শয়তান বা ইবলিস তার দলের ফেরেশতাদের (his angels) নিয়ে স্বর্গে বা বেহেশতের মধ্যেই বসবাস করত। যীশু খ্রিষ্টের জন্মের পরে বেহেশতের মধ্যে এ ভয়ঙ্কর যুদ্ধ হয়। এ যুদ্ধে পরাজিত হওয়ার পরে তাদেরকে বেহেশত থেকে বের করে দেওয়া হয়।

Source — https://www.hadithbd.com/books/link/?id=14503

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন